(একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত)

''শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ''

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড,রমনা,ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০৪০.১৮- ২৬৭ তারিখ: ২৯.০৭.২০১৮খ্রি.

বিষয়: যশোর জেলার অভয়নগর উপজেলাধীন মথুরাপুর দাখিল মাদরাসার এবতেদায়ী ক্বারী জনাব মো: আ: জব্বার এর বকেয়া বেতন-ভাতা সংক্রান্ত আবেদন নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) মথুরাপুর দাখিল মাদরাসার সুপার এর আবেদন তারিখ:২৩.১১.২০১৭ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত (১) নং পত্রে যশোর জেলার অভয়নগর উপজেলাধীন মথুরাপুর দাখিল মাদরাসার এবতেদায়ী ক্বারী জনাব মো: আ: জব্বারের বিতর্কিত পদত্যাগ পত্রের কারণে ০১.০১.২০১২ খ্রি: তারিখ হতে ২৮.০২.২০১৭ খ্রি: তারিখ পর্যন্ত ৪,৭৬,৩৫৬/- (চার লক্ষ ছিয়াত্তর হাজার তিন শত ছাপ্পান্ন) টাকা বকেয়া বেতন ভাতার সরকারি অংশের টাকা প্রাপ্তির জন্য আবেদন করেছেন।

০২. আবেদনটি পর্যালোচনা করে দেখা যায় যে, এবতেদায়ী ক্বারী জনাব মো: আ: জব্বারের ৩১.১২.২০১২ খ্রি. তারিখের দাখিলকৃত পদত্যাগ পত্রটি বিতর্কিত। তাই তিনি ০৪.০২.২০১৩ খ্রি: তারিখে মোকদ্দমা দায়ের করেন যার নং (১০/১৩)। পরবর্তীতে নতুন ম্যানেজিং কমিটি হওয়ার পর তাহাদের সমন্বয় এবং বিজ্ঞ আদালতের ৪৫ নং আদেশের মাধ্যমে মধ্যস্থতা ও আপোষ নিষ্পত্তি করিয়া এবতেদায়ী ক্বারী জনাব মো: আ: জব্বারকে স্বপদে বহাল করা হয়েছে।

০৩. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো নির্দেশিকা-২০১০ (মার্চ,২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ১৮(৬) অনুচ্ছেদে উল্লেখ আছে "প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারী ব্যবস্থাপনা কমিটির মধ্যকার অভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলা বা অন্য কোন কারণে বেতন-ভাতাদির সরকারি অংশ উত্তোলন সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসেবে তা উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর আর্থিক দায়-দায়িত্ব বহন করবে।"

০৪. উপরিউক্ত আবেদনটি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো নির্দেশিকা-২০১০ (মার্চ,২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ১৮(৬) অনুচ্ছেদ এর নির্দেশনার অন্তর্ভূক্ত বিধায় মহোদয়ের আবেদনটি সেমতে নিষ্পত্তিযোগ্য।

০৫. এমতাবস্থায়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো নির্দেশিকা-২০১০ (মার্চ,২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ১৮(৬) অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

29.07.18
(মো: আবদুল মুকীত)
সহকারী পরিচালক (অর্থ)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
ই-মেইলঃ adfinance.dme@gmail.com

সুপার,
মথুরাপুর দাখিল মাদরাসা।
ডাক: শ্রীধরপুর, উপজেলা:অভয়নগর, জেলা: যশোর।

অনুলিপি:
১। সচিব মহোদয়ের একান্ত সচিব,কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়,পরিবহন পুল ভবন (৯ম তলা)সচিবালয় লিংক রোড ঢাকা।
২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, খুলনা অঞ্চল।
৩। জেলা শিক্ষা অফিসার, যশোর।
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অভয়নগর,যশোর।
৫। সভাপতি, মথুরাপুর দাখিল মাদরাসা, ডাক: শ্রীধরপুর, উপজেলা:অভয়নগর, জেলা: যশোর।
৬। জনাব মো: আ: জব্বার, এবতেদায়ী ক্বারী,মথুরাপুর দাখিল মাদরাসা।
৭। অফিস কপি।